“একজন মুসলিম বান্দা তার ভাইয়ের অনুপস্থিতিতে তার জন্য দুআ করলে তা কবুল হয়

উম্মু দারদা ও আবু দারদা রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেন: “একজন মুসলিম বান্দা তার ভাইয়ের অনুপস্থিতিতে তার জন্য দুআ করলে
তা কবুল হয়। তার মাথার নিকটে একজন ফেরেশতা নিয়োজিত থাকেন, যখন সে তার ভাইয়ের জন্য প্রার্থনা করে তখন নিয়োজিত ফেরেশতা বলে থাকে "আমীন এবং তোমার জন্যও অবিকল তাই"।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন যে, একজন মুসলিমের দোআ তার মুসলিম ভাইয়ের জন্য তার অনুপস্থিতিতে কবুল করা হয়। কারণ এটি আন্তরিকতার দিক থেকে আরও স্পষ্ট এবং প্রার্থনাকারীর মাথার কাছে একজন ফেরেশতা নিযুক্ত থাকেন এবং যখনই সে তার ভাইয়ের জন্য প্রার্থনা করে, তখন তার কাছে নিযুক্ত ফেরেশতা বলেন: আমিন এবং তুমি যেমন প্রার্থনা করেছ তেমনি তোমার জন্যও হোক।

https://sunnah.global/hadeeth/bn/show/3219